

# পার্থক্য বুঝুন



সার্জিক্যাল মাস্ক



N95 রেসপিরেটর

## পরীক্ষা ও অনুমোদন

মার্কিন যুক্তরাষ্ট্রের খাদ্য এবং ঔষধ প্রশাসন (এফডিএ) কর্তৃক পরীক্ষিত।

৪২ সিএফআর অনুচ্ছেদ ৮৪-এর প্রয়োজনীয়তা অনুসারে এনআইওএসএইচ কর্তৃক মূল্যায়ন, পরীক্ষিত এবং অনুমোদিত।

## যে উদ্দেশ্যে ব্যবহার করবেন

তরল প্রতিরোধী এবং বৃহৎ ফোঁটা, জলের ছিটা বা শরীরের বা অন্যান্য বিপজ্জনক তরলের স্প্রেগুলি থেকে এটি পরিধানকারীকে সুরক্ষা প্রদান করে। পরিধানকারীর শ্বাস-প্রশ্বাসের নির্গমন থেকে রোগীকে সুরক্ষা দেয়।

পরিধানকারীকে ছোট অ্যারোসল কণা ও বড় ফোঁটার কণার সাথে সরাসরী মুখোমুখি হওয়া থেকে সুরক্ষা দেয়।

## কতটা মাপসই

টিলেঢালা

আঁটসাঁট

## মাপসই পরীক্ষণের প্রয়োজনীয়তা

না

হ্যাঁ

## সীল যাচাই করার প্রয়োজনীয়তা

না

হ্যাঁ। প্রতিবার রেসপিরেটরটি পরিধানের সময় প্রয়োজন হয়।

## পরিস্রাবণ

পরিধানকারীকে ছোট বায়ুবাহিত কণা শ্বসন করা থেকে নির্ভরযোগ্য স্তরের সুরক্ষা সরবরাহ করে না এবং শ্বাসযন্ত্রের সুরক্ষাবস্তু হিসেবে বিবেচনা করা হয় না।

প্রায় ৯৫% সূক্ষ্ম ও বড় বায়ুবাহিত কণাকে পরিস্রাবণ (ফিল্টার) করতে পারে।

## ফাঁক রয়ে যাওয়া

মাস্কের কিনারার চারপাশে ফুটোর সৃষ্টি হয় যখন ব্যবহারকারী শ্বাসগ্রহণ করে।

ব্যবহারকারী যথাযথভাবে পরিধান করলে শ্বাস নেয়ার সময় কিনারায় খুবই সামান্য ফাঁক থাকে।

## ব্যবহারের সীমাবদ্ধতা

নিষ্পত্তিযোগ্য। প্রতিবার ব্যবহারের পর ফেলে দিতে হয়।

অ্যারোসল উৎপন্ন হয় এমন কোন ঘটনার মুখোমুখি হলে সাধারণত পরপরই ফেলে দেয়া উচিত। ভাঁজ হয়ে, আকৃতি বদলে বা অন্য কোনভাবে ক্ষতিগ্রস্ত হলেও ফেলে দেয়া উচিত কারণ তখন এটি আর মুখমন্ডলকে কার্যকরভাবে সীল করতে পারেনা। এছাড়াও এটা যদি ভিজে যায়; দেখতে নোংরা দেখায়; নিশ্বাস নেয়া বেশী কঠিন হয়; অথবা যদি রক্ত, নাক মুখ থেকে নিঃসৃত সূক্ষ্ম থুতুকণা, রোগীর শরীর নিঃসৃত তরল দ্বারা দূষিত হয়ে পড়ে তাহলেও।